

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪

১. কিতাবুল অহী (كتاب بدء الوحي)

পরিচ্ছেদঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট কিভাবে অহী নাযিল শুরু হয়েছিল?

باب كَيْفَ كَانَ بَدْءُ الْوَحْيِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

4 - عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا وَهُوَ يُحَدِّثُ عَنْ فِتْرَةِ الْوَحْيِ فَقَالَ فِي حَدِيثِهِ: «بَيْنَا أَنَا أَمْشِي سَمِعْتُ صَوْتًا مِنَ السَّمَاءِ فَرَفَعْتُ بَصَرِي قِبَلَ السَّمَاءِ فَإِذَا الْمَلِكُ الَّذِي جَاءَنِي بِحِرَاءٍ قَاعِدٌ عَلَى كُرْسِيِّ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ، فَرُعِبْتُ مِنْهُ فَجِئْتُ أَهْلِي فَقُلْتُ زَمِلُونِي، زَمِلُونِي، فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى: ﴿يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُمْ فَأَنْذِرْ إِلَى قَوْلِهِ: وَالرُّجُزَ فَاهْجُرْ﴾ فَحَمِيَ الْوَحْيُ وَتَتَابَعَ». (بخارى: 4)

বাংলা

৪) জাবের (রাঃ) হতে বর্ণিত, তিনি অহী বন্ধের সময়কাল সম্পর্কে বর্ণনা করতে গিয়ে বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট থেকে শুনেছি। তিনি বলেনঃ একদা আমি রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলাম। এমন সময় আকাশের দিক থেকে একটি আওয়াজ শুনতে পেলাম। আকাশের দিকে তাকিয়ে দেখতে পেলাম যে, হেরা গুহায় আগমণকারী সেই ফেরেশতা আসমান ও যমীনের মাঝে একটি ঝুলন্ত আসনে বসে আছেন। ফেরেশতাকে এমতাবস্থায় দেখে আমি ভীত ও আতঙ্কগ্রস্ত হয়ে পড়লাম। গৃহে ফিরে গিয়ে বললামঃ আমাকে চাদর দিয়ে আচ্ছাদিত কর! আমাকে চাদর দিয়ে আচ্ছাদিত কর! অতঃপর আল্লাহ তাআলা নাযিল করলেনঃ

﴿يَا أَيُّهَا الْمُدَّثِّرُ قُمْ فَأَنْذِرْ وَرَبَّكَ فَكَبِّرْ وَتَيْبَاكَ فَطَهِّرْ وَالرُّجُزَ فَاهْجُرْ﴾

”হে বস্ত্রাবৃত ব্যক্তি! উঠ, সতর্ক কর। তোমার পালনকর্তার বড়ত্ব ঘোষণা কর। তোমার পোষাক পবিত্র কর এবং কদর্যতা পরিহার কর”। (সূরা মুদ্দাছিরঃ ১-৫) অতঃপর বিরতিহীনভাবে অহী আগমণ অব্যাহত থাকল।

English

How the Divine Revelation started being revealed to Allah's Messenger

Narrated Jabir bin 'Abdullah Al-Ansari (while talking about the period of pause in revelation) reporting the speech of the Prophet:

"While I was walking, all of a sudden I heard a voice from the sky. I looked

up and saw the same angel who had visited me at the cave of Hira' sitting on a chair between the sky and the earth. I got afraid of him and came back home and said, 'Wrap me (in blankets).' And then Allah revealed the following Holy Verses (of Quran): 'O you (i.e. Muhammad)! wrapped up in garments!' Arise and warn (the people against Allah's Punishment),... up to 'and desert the idols.' (74.1-5) After this the revelation started coming strongly, frequently and regularly."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৩

ইসলামিক সেন্টারঃ ৩

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87558>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন